

বাংলাদেশ

আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড

## পরীক্ষা পর্ব শেষ, আগামীকাল খাতা মূল্যায়ন শুরু

বায়োজিড ভূইয়া অস্ট্রেলিয়া থেকে

প্রকাশ: ১৬ জুলাই ২০২৫, ২২: ২৫



পরীক্ষা শেষে কেন্দ্র থেকে বের হচ্ছে শিক্ষার্থীরা। সানশাইন কোস্ট, অস্ট্রেলিয়া, ১৬ জুলাই ২০২৫ ছবি: প্রথম আলো

অস্ট্রেলিয়ার সানশাইন কোস্টে আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডের ৬৬তম আসরে বিশ্বের নানা প্রান্তের গণিতবিদদের মিলনমেলা চলছে। আজ বুধবার ছিল দ্বিতীয় ও শেষ দিনের পরীক্ষা। বাংলাদেশ দলের শিক্ষার্থীদের পরীক্ষা ভালোই হয়েছে।

গতকাল মঙ্গলবার প্রথম দিনের পরীক্ষায় তিনটি সমস্যা সমাধান করতে হয়েছিল। সব মিলিয়ে ছয়টি সমস্যা সমাধান করতে দেওয়া হয়েছে দুই দিনে। আগামীকাল থেকে উত্তরপত্রের মূল্যায়ন করা শুরু হবে। প্রতিটি উত্তরপত্র আলাদাভাবে প্রতিযোগী দেশের দলনেতা ও আয়োজকদের পক্ষে একদল মূল্যায়নকারী মূল্যায়ন করবে। এরপর উভয় পক্ষের সম্মতিতে প্রাপ্ত নম্বর চূড়ান্ত করা হবে। ১৯ জুলাই ফলাফল ঘোষণার মাধ্যমে সমাপ্তি ঘটবে এবারের আয়োজনের।

### শুধু উত্তর বের করাই শেষ কথা নয়

টানা দুই দিনের পরীক্ষার উত্তেজনা আর রোমাঞ্চ শেষ হয়েছে আজ। পরীক্ষা শেষ করেই পরীক্ষার্থীরা ছুটে যায় যার যার কক্ষে। টানা দুই দিনের পরীক্ষার ধকল কয়েক ঘণ্টা ঘুমিয়ে পার করার চেষ্টা করে সবাই।

আজ শেষ দিনের পরীক্ষায় তিনটি প্রশ্নে ছিল নম্বর থিওরি, অ্যালজেবরা ও কম্বিনেটরিক্স। সবার সঙ্গে কথা বলে মনে হয়েছে, বাংলাদেশ দলের শিক্ষার্থীদের পরীক্ষা ভালোই হয়েছে। তবে গণিত অলিম্পিয়াডে শুধু উত্তর বের করাই শেষ কথা নয়। আসল গুরুত্বটা দেওয়া হয় সমাধানের কৌশলের ওপর।

গণিত অলিম্পিয়াডে নিয়ম অনুযায়ী দলনেতা ও কোচেরা পরীক্ষা শেষ হওয়া পর্যন্ত শিক্ষার্থীদের থেকে দূরে অন্য কোন হোটেল বা রিসোর্টে থাকেন। এ সময় তাঁরা প্রশ্ন ও অন্যান্য বিষয় নিয়ে কাজ করেন। পরীক্ষা শেষে শিক্ষার্থীদের সঙ্গে দেখা করেন।

দ্বিতীয় ও শেষ দিনের পরীক্ষায় অংশ নিতে পরীক্ষার হলে প্রবেশের আগে অপেক্ষা। সানশাইন কোস্ট, অস্ট্রেলিয়া, ১৬ জুলাই ২০২৫ ছবি: প্রথম আলো

---

বাংলাদেশ গণিত দলের কোচ মাহবুব মজুমদার পরীক্ষা শেষে আজ শিক্ষার্থীদের সঙ্গে দেখা করেছেন। তিনি শিক্ষার্থীদের মনে করিয়ে দেন, জয়-পরাজয় বড় কথা নয়। অংশ নেওয়াটাই আসল। তাদের কঠোর পরিশ্রমের প্রশংসা করে ভবিষ্যতের জন্য শুভকামনা জানান। আগামী কয়েক দিন এই আয়োজনের সবকিছু উপভোগের পরামর্শ দেন।

### কৃত্রিম বুদ্ধিমত্তা নিয়ে সেমিনার

আজ বুধবার বিকেলে একটি গুরুত্বপূর্ণ সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিষয় ছিল কৃত্রিম বুদ্ধিমত্তার পরিপ্রেক্ষিতে গণিত শিক্ষা। এটি ছিল ভবিষ্যতের দিকে একঝলক তাকানোর মতো। কীভাবে বিভিন্ন কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) টুলস শিক্ষার্থীরা গণিত শেখার জন্য ব্যবহার করতে পারবে, তা জানানো হয় সেমিনারে। বলা হয়, এআই এখন সবার জীবনের অবিচ্ছেদ্য অংশ। গণিত শিক্ষার ক্ষেত্রেও এর ব্যাপক সম্ভাবনা রয়েছে।

ক্যাণ্ডারু ও কোয়ালারা অপেক্ষা করছে

আগামী দুই দিন শিক্ষার্থীদের জন্য অপেক্ষা করছে এক ভিন্ন অভিজ্ঞতা। তারা পরপর দুই দিন যাবে অস্ট্রেলিয়া জু এবং অর্জি ওয়ার্ল্ড নামের দুটি চমৎকার জায়গায়। এই ভ্রমণ তাদের গত দুই দিনের অঙ্ক নিয়ে পরিশ্রমের পর এক সতেজ অভিজ্ঞতা দেবে। অস্ট্রেলিয়া জুতে তারা ক্যাডারু, কোয়ালাসহ অস্ট্রেলিয়ার বিভিন্ন প্রাণী দেখতে পারবে।

এরপর শিক্ষার্থীদের গন্তব্য অর্জি ওয়ার্ল্ড থিম পার্ক। এখানে অস্ট্রেলিয়ার সাংস্কৃতিক ও বিনোদনের নানা অভিজ্ঞতা অর্জন করতে পারবে শিক্ষার্থীরা। রাইড, গেমস ও পারফরম্যান্স—সবকিছুই থাকবে এদিন। এটি তাদের অবসরের আনন্দ দেবে। গণিতের কঠিন জগতের বাইরে এসে তারা কিছুটা আনন্দময় সময় কাটাবে। এই সব ভ্রমণ শিক্ষার্থীদের জন্য এক দারুণ সুযোগ। তারা নতুন কিছু শিখতে পারবে। নতুন পরিবেশে মানিয়ে নেওয়ার অভিজ্ঞতা পাবে।

পরীক্ষার হল থেকে বের হওয়ার পর শিক্ষার্থীদের সঙ্গে বাংলাদেশ গণিত দলের দলনেতা কোচ মাহবুব মজুমদার (সর্বভানে)। সানশাইন কোস্ট, অস্ট্রেলিয়া, ১৬ জুলাই ২০২৫ ছবি: প্রথম আলো

আন্তর্জাতিক অলিম্পিয়াড শুধু গণিতকে কেন্দ্র করে হয় না। এটি নতুন সংস্কৃতি, নতুন পরিবেশ এবং নতুন বন্ধুদের সঙ্গে পরিচিত হওয়ার একটি দারুণ সুযোগ। গণিতের জটিল সমস্যা সমাধানের পর এই আনন্দময় ভ্রমণ তাদের জন্য এক ভিন্ন মাত্রা যোগ করবে।

অলিম্পিয়াডে অংশ নেওয়া বাংলাদেশ দলে রয়েছে ঢাকার ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের সদ্য এসএসসি পাস শিক্ষার্থী মনামী জামান, আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের সদ্য এসএসসি পাস শিক্ষার্থী জাওয়াদ হামীম চৌধুরী ও ময়মনসিংহ জিলা স্কুলের এসএসসি পরীক্ষার্থী তাহসিন খান। চট্টগ্রাম বাকলিয়া সরকারি কলেজের দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী জিতেন্দ্র বড়ুয়া, চট্টগ্রাম কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থী মো. রায়হান সিদ্দিকী ও রাজউক উত্তরা মডেল কলেজের দশম শ্রেণির শিক্ষার্থী এম জামিউল হোসেন।

ডাচ-বাংলা ব্যাংকের পৃষ্ঠপোষকতায় ও প্রথম আলোর সার্বিক ব্যবস্থাপনায় দেশব্যাপী গণিত অলিম্পিয়াড আয়োজন করা হয়। সেখান থেকে ৬৬তম আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডের জন্য ছয় সদস্যের বাংলাদেশ গণিত দল নির্বাচন করা হয়েছে। দল নির্বাচন ও এর আনুষঙ্গিক আয়োজন করেছে বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটি।

